# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

## ***স্থানীয় ক্রয়ের জন্য দরপত্র***

..............................
..............................
..............................

দরপত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৪.১৯৬৫
তারিখঃ ২৪ জুন ২০২৪
খোলার তারিখঃ ০২ জুলাই ২০২৪
বেলা- ১২৩০ ঘটিকা

জনাব

অপর পৃষ্ঠায় বর্ণিত দ্রব্যাদি ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেডে সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে ০১-০৬ দফায় বর্ণিত মালামালের সর্বনিম্ন মূল্য তালিকা আহ্বান করা যাচ্ছে। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত আমাদের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

আপনাদের বিশ্বস্ত

মোস্তফা কমাল
কমান্ডার বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ নৌবাহিনীর ০৩ (তিন)টি সেল্ফ সাসটেইন্ড পন্টুনের ১৮ (আঠারো)টি **FAIRLEAD** ঢালাই করা জন্য বিভিন্ন প্রকার মালামাল এর বিবরণঃ

সূত্রঃ

ক। ভান্ডার চাহিদা পত্র নং- ১২৩০৮, ১২৩৫৮ তারিখ ০৬ মে, ০৫ জুন ২০২৪ (ফাউন্ড্রি শপ)।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | একক | পরিমান | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | হার্ড কোক (বোল্ডার) | কেজি | ২৮০০ | | |
| ২ | ফেরো সিলিকন | কেজি | ০৪ | | |
| ৩ | চিটাগুড় (প্রতি টিন ২০ কেজি) | টিন | ০৮ | | |
| ৪ | গ্রাফাইট ক্রুসিবল (ক্যাপাসিটি- ৩০০ কেজি)<br>Brand: Morgan India | পিছ | ০২ | | |
| ৫ | হ্যান্ড গ্রাইন্ডিং মেশিন- ০৪"<br>(Bosch 850W, 11000 RPM) | পিছ | ০১ | | |
| ৬ | ফায়ার ক্লে (প্রতি বস্তা ৫০ কেজি) | বস্তা | ০৩ | | |
| | **ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা** | | | | |

কথায়:..................................................................................................................

..........................................................................................................................

দরপত্র কমিটির স্বাক্ষর

বাণিজ্যিক শাখা

হিসাব রক্ষণ শাখা

ব্যবহারকারী

আমরা অপর পৃষ্ঠায় সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম

সরবরাহকারীর স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-

স্থানীয় দরপত্রের অংশগ্রহণের শর্তাবলী

১। দরপত্র ফ্রি সরবরাহ এ্যাট সাইট শর্ত ছাড়া অন্য কোন শর্তে গ্রহণযোগ্য নয়।

২। দরপত্রে অংশ গ্রহণকারীকে সরকারী বিধি মোতাবেক কাষ্টমস কর্তৃপক্ষের দপ্তর থেকে মুসক সেবার কোড এর ২১১৭১০০০০৬৭ আওতাধীন "যোগানদার" হিসেবে মূল্য সংযোজন কর/ টার্নওভার ট্যাক্স নিবন্ধিত হতে হবে এবং এ দরপত্রের সাথে মূসক/টার্নওভার ট্যাক্স নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে। বিধি মোতাবেক মূসক আদায়/রহিত করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

৩। সরবরাহকারীর মূল্য (স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিষ্কারভাবে সীলমোহরকৃত খামে ব্যবস্থাপনা পরিচালক, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, বন্দর, নারায়ণগঞ্জ সম্বোধনপূর্বক পাঠাতে হবে।

৪। মূল্য যাচাইপত্র নং বাবি ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৪.১৯৬৫ তারিখ ২৪ জুন ২০২৪ জমা নেবার শেষ তারিখ ০২ জুলাই ২০২৪ বেলা ১২:০০ মিঃ পর্যন্ত।

৫। মূল্য তালিকা ডাক অথবা স্বহস্তে ডকইয়ার্ডের প্রধান ফটকে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মূল্য তালিকা কমপক্ষে ৪০ দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে। ক্রয়াদেশ প্রদানের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

৬। ক্রয়াদেশ বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য ০.৫% হার এলডি এবং সরবরাহ অধিক বিলম্বের কারণে উৎপাদন ব্যহত হলে/কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনধিক ১% হারে এলডি সরবরাহকারীর নিকট হতে কর্তন করা হবে।

৭। সরবরাহকারী কর্তৃক সময়মত মালামাল সরবরাহে ব্যর্থ হলে অসরবরাহকৃত মালামাল অন্যত্র হতে ক্রয় করতঃ অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হতে আদায় করা হবে।

৮। আমাদের নির্দিষ্ট মূল্য যাচাই পত্রের দরপত্র ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাঙ্কিত পত্রের মূল্য তালিকা পাঠানো হলে উহা গ্রহণযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য নয়।

৯। ডিইডব্লিউ লিঃ কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মূল্য তালিকাই গ্রহণ অথবা নাকচ করার ক্ষমতা থাকবে।

১০। কোন গ্রহণযোগ্য মূল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশ বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য তালিকাভুক্তি ছাড়া সরবরাহকারীর নিকট হতে ৫% হারে জামানত আহবান করা যাবে। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত ডিইডব্লিউ লিঃ কর্তৃপক্ষের আইনের পরিপন্থী এবং ক্রয়াদেশ বর্হিভুত যে কোন কার্যের জন্য অর্থাৎ নির্দিষ্ট সময় সরবরাহ করতে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে।

১১। আমাদের এ শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারণে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে ডকইয়ার্ডের যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হতে পূরণ করা হবে।

১২। ক্রয়াদেশভূক্ত একই দফার আংশিক সরবরাহ গ্রহণযোগ্য নয়।

সালিসীর মধ্যস্থতা

উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিষ্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক মনোনীত সালিসী পক্ষ এবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিষ্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনয়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সে সিদ্ধান্ত উপরে বর্ণিত শর্তাবলী আইনানুগভাবে সংযোজিত হবে এবং উভয় পক্ষকে মেনে নিতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ উপরে উল্লেখিত যে কোন ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরাহকারীর মূল্য উদ্ধৃত বাতিল হতে পারে। মূল্য উদ্ধৃতির সকল মূল্যহার পরিষ্কারভাবে লিখতে হবে। কোনরূপ অস্পষ্টতা অসম্পূর্ণতা অথবা পুনঃলিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকলে উদ্ধৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

মোঃ [illegible] হায়দার
সিনিয়র [illegible] অফিসার (বাণিজ্যিক)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা বন্দর নারায়ণগঞ্জ

**ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ**
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

সূত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৪.১৯৬৫ তারিখঃ ২৪ জুন ২০২৪

দরপত্র খোলার তারিখঃ ০২ জুলাই ২০২৪ বেলা ১২:৩০ ঘটিকা

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | টাকা | |
|---|---|---|---|---|
| | | | অংক (মোট দর) | কথায় |
| | | | | |

কর্মাশিয়াল (লোকাল)

সরবরাহকারীর নাম ও ঠিকানাঃ

সীলসহ স্বাক্ষর

মোঃ নাসিম হায়দার
সিনিয়র লিয়াজো অফিসার (বাণিজ্যিক)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

# দরপত্রদাতার জন্য দিক নির্দেশনা
# (GUIDELINES FOR TENDERER)

নিম্নোক্ত নির্দেশনাগুলো দরপত্র তৈরীর জন্য গাইড লাইন হিসেবে কাজ করবে ঃ

১। **সতর্কতামুলক নোট (NOTE OF CAUTION) ঃ**

(ক) কোটেশন/দরপত্রের বিষয়গুলি যদি এই গাইড লাইনের বর্ণিত চুক্তির শর্তের এবং বিনির্দেশে এবং এজেন্ডাভূক্ত বিষয়ের বর্হিভূত হয় তবে তা বাতিল বলে গন্য হবে।

২। **ব্যাখ্যা, নির্দেশাবলী এবং অবগতি (CLARIFICATIONS, INSTRUCTIONS AND INFORMATION)।** এই দরপত্রের সাথে জড়িত অতিরিক্ত কোন তথ্যের অথবা বিড দলিলাদির যে কোন বিষয়ের ব্যাখ্যা করার অনুরোধ থাকলে তা লিখিতভাবে দরপত্র খোলার পূর্বেই জমা দিতে হবে। যদি ক্রেতা কোন ব্যাখ্যা বা অতিরিক্ত তথ্য জানানোর প্রয়োজন অনুভব করে তবে তা সকল বিডারকে লিখিতভাবে জানাবেন। ক্রেতা মৌখিক ব্যাখ্যা, নির্দেশনা বা সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করে।

৩। **দরপত্র দলিল পরিবর্ধন (MODIFICATION OF TENDER DOCUMENT)।** কোন পরিবর্ধন, সংশোধন অথবা ব্যাখ্যা অথবা দরপত্র বন্ধের তারিখ বাড়ানোর দরকার হলে তা সংশোধন আকারে প্রকাশ করা হবে, যা দরপত্রের অংশ হিসেবে গন্য হবে। এটা দরপত্র আহবানকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং দরপত্রের সাথে সংযুক্ত হবে। যদি তা না হয় তবে অফার বাতিল বলে গণ্য হবে।

৪। **বিডিং নির্দেশনাবলী (BIDDING INSTRUCTION)।**

৪.১ **একক খাম পদ্ধতি (One Envelop System)।**

ক । বাহিরের খামে দরপত্র নং, দরপত্র খোলার তারিখ ও সময় উল্লেখ থাকবে। ভিতরের খামে দরপত্র দাতার নাম ও পূর্ণ ঠিকানা থাকতে হবে, যাতে ক্রেতা দেরিতে প্রাপ্ত দরপত্র না খুলে ফেরত পাঠাতে পারে।

খ । যদি বাইরের খামটি পূর্বের নির্দেশনানুসারে সীল গালা করা না হয় তবে তা মিসপ্লেসমেন্ট বা অসম্পূর্ণ দরপত্র হিসেবে বিবেচিত হবে, যাতে ক্রেতা দায়ী থাকবে না।

মোঃ নাসিম হায়দার
সিনিয়র লিয়াঁজো অফিসার (বাণিজ্যিক)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লি
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ